# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৪]

৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)

পরিচ্ছেদঃ হায়েয থেকে পবিত্র হওয়ার জন্য গোসল করার সময় মহিলারা শরীর মর্দন করবে

باب دَلْكِ الْمَرْأَةِ نَفْسَهَا إِذَا تَطَهَّرَتْ مِنَ الْمَحِيضِ وَكَيْفَ تَغْتَسِلُ، وَتَأْخُذُ فِرْصَةً مُمَسَّكَةً فَتَتَّبِعُ بِهَا أَثَرَ الدَّمِ

---

আরবী

□□□ـ عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا: أَنَّ امْرَأَةً سَأَلَتِ النَّبِيَّ عَنْ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ، فَأَمَرَهَا كَيْفَ تَغْتَسِلُ قَالَ خُذِي فِرْصَةً مِنْ مَسْكٍ فَتَطَهَّرِي بِهَا. قَالَتْ: كَيْفَ أَتَطَهَّرُ؟ قَالَ تَطَهَّرِي بِهَا. قَالَتْ: كَيْفَ؟ قَالَ سُبْحَانَ اللَّهِ تَطَهَّرِي. فَاجْتَبَذْتُهَا إِلَيَّ، فَقُلْتُ: تَتَبَّعِي بِهَا أَثَرَ الدَّمِ.(بخاري:□□□

বাংলা

২১০) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ জনৈক মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হায়েয থেকে পবিত্রতা অর্জনের গোসল সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি তাকে গোসলের নিয়ম শিক্ষা দিলেন। তিনি বললেনঃ প্রথমে তুমি সুগন্ধি লাগানো কিছু তুলা অথবা এক খন্ড পশমী কাপড় হাতে নাও। তারপর তা দিয়ে পবিত্রতা অর্জন কর। সে বললঃ কিভাবে পবিত্রতা অর্জন করব? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমি তা দ্বারা পবিত্রতা অর্জন কর। সে আবার বললঃ কিভাবে পবিত্রতা অর্জন করব? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ সুবহানাল্লাহ! তুমি তা দ্বারা পবিত্রতা অর্জন কর। আয়েশা (রাঃ) বললেনঃ আমি তাকে টেনে সরিয়ে নিয়ে বললামঃ যেখানে হায়েযের রক্তের চিহ্ন রয়েছে সুগন্ধিযুক্ত কাপড়ের টুকরা দ্বারা তা ধৌত করবে।

## English

A woman should rub her own body thoroughly during a bath after the menses

Narrated `Aisha:

An Ansari woman asked the Prophet (ﷺ) how to take a bath after finishing from the menses. He replied, "Take a piece a cloth perfumed with musk and clean the private parts with it thrice." The Prophet (ﷺ) felt shy and turned

his face. So I pulled her to me and told her what the Prophet (ﷺ) meant.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন